# বাংলাদেশ কৃষি ব্যাংক
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**কেন্দ্রীয় হিসাব বিভাগ**
**(শাখা-২)**

সূত্র নং- প্রকা/হিসাব-(শাখা-২)৯(৯)(CBS)/২০২২-২০২৩/৯৫৬ তারিখ ঃ ২৩.০২.২০২৩ খ্রিঃ

১। উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল কর্পোরেট শাখা।
২। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
৪। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বেতন হতে কর্তনকৃত কর্মচারী কল্যাণ তহবিল (বদান্য) এর টাকা শাখার প্রদেয় খাত ৪১/২১ হতে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এর প্রদেয় খাত (৪১/২১) এ CBS এর আওতায় স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অপারেশন পরিপত্র নং-২১/৯৪ তারিখ ২৮.০২.১৯৯৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীর বেতন হতে কর্তনকৃত কর্মচারী কল্যাণ তহবিল (বদান্য) এর চাঁদা প্রত্যেক শাখা তার ৪১/২১ খাতে সংরক্ষনপূর্বক ষাণ্মাসিক ভিত্তিতে অঞ্চল প্রধান শাখায় ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে প্রেরণ করে। অঞ্চল প্রধান শাখাসমূহ তার অঞ্চলের অন্যান্য সকল শাখা হতে প্রাপ্ত এ্যাডভাইসসমূহ সাড়া প্রদান করে এলপিও (৪০০১) বরাবর একটি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ একটি প্রতিবেদনসহ উক্ত এডভাইসটি কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ প্রেরণ করে। কর্পোরেট শাখাসমূহ বেতন হতে কর্তনকৃত কর্মচারী কল্যাণ তহবিল (বদান্য) এর চাঁদা ষাণ্মাসিক ভিত্তিতে এলপিও (৪০০১) বরাবর একটি ক্রেডিট এ্যাডভাইস ইস্যুপূর্বক সরাসরি এডভাইসটি কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ প্রেরণ করে থাকে। কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) প্রাপ্ত এ্যাডভাইসমূহ সাড়া প্রদানপূর্বক এসএনডি হিসাবে হিসাবভুক্ত করার জন্য স্থানীয় মূখ্য কার্যালয়ে প্রেরণ করে থাকে।

০৩। বিকেবি'র ১০৩৮ শাখা অনলাইন (কোর ব্যাংকিং সিস্টেম) কার্যক্রমের আওতাভুক্ত হয়েছে এবং কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) বিগত ১৩.১১.২০২২ খ্রিঃ তারিখ হতে **শাখা কোড-০১০৩** এর আওতায় অনলাইন কার্যক্রম পরিচালনা করে আসছে। উপরোক্ত পদ্ধতিটি সহজীকরণের স্বার্থে CBS এর আওতায় মাসিক হিসাব সমাপনীতে কর্মচারী কল্যাণ তহবিল (বদান্য) এর টাকা শাখার প্রদেয় খাত (৪১/২১) হতে স্বয়ংক্রিয়ভাবে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এর প্রদেয় খাত (৪১/২১) এ স্থানান্তরের বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সদয় সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, কর্পোরেট শাখাসহ সকল শাখা'কে ফেব্রুয়ারী/২০২৩ হতে বেতন হতে কর্তনকৃত কর্মচারী কল্যাণ তহবিল (বদান্য) এর চাঁদা প্রেরণ নিমিত্তে আর কোন ক্রেডিট এ্যাডভাইস ইস্যু না করে কর্তনকৃত চাঁদা শাখার ৪১/২১-প্রদেয় খাত (বদান্য) এ যথাযথ হিসাবায়ন করার জন্য অনুরোধ করা হলো। শাখা কর্তৃক কর্মকর্তা-কর্মচারীর বেতন হতে কর্তনকৃত কর্মচারী কল্যাণ তহবিল (বদান্য) এর চাঁদা প্রদেয় খাত (৪১/২১) হতে CBS এর আওতায় প্রতি মাসিক হিসাব সমাপনীতে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এর প্রদেয় খাত ৪১/২১'তে স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তর করা হবে।

০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা'কে তাদের অঞ্চলাধীন শাখাসমূহ নিরীক্ষাকালে সকল কর্মকর্তা-কর্মচারীর বেতন হতে যথাযথভাবে কর্মচারী কল্যাণ তহবিল (বদান্য) এর চাঁদা কর্তন করা হয়েছে কিনা তা যাচাই করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

২৬.০২.২০২৩

খান তামজিদ আহমেদ
উপমহাব্যবস্থাপক

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা;
০২। ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা;
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা;
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়;
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা; উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো;
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
০৭। নথি/মহানথি।